

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা- ১০০০।



নং ০৭.০৩.০০০০.০০৪.৩৩.৪২৬.২১ -৭৮২

তারিখ: ২০/০৬/২০২১ খ্রিঃ।

বরাবর

- ১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
- ২। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।

বিষয়ঃ ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর প্রসংগে।

সূত্রঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আগামী ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন সংক্রান্ত দপ্তর/সংস্থা এবং মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জন্য পৃথক পৃথক নীতিমালা প্রণয়ন করা হয়েছে। এ নীতিমালায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়নের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা, চুক্তির কাঠামো, অনুসরণীয় প্রক্রিয়া এবং কার্যক্রম বাস্তবায়নের সময়সূচী অন্তর্ভুক্ত রয়েছে।

সে লক্ষ্যে আগামী ২৪ জুন, ২০২১ খ্রিঃ তারিখ হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়ের সাথে চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয় এবং ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস এর কার্যালয়সমূহের ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

এমতাবস্থায়, হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়ের অধীনস্থ অফিসসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরের লক্ষ্যে চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এবং ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস কর্তৃক ২৪ জুন, ২০২১ খ্রিঃ তারিখে স্বাক্ষরিত চুক্তিপত্রের চূড়ান্ত কপি (বাঁধাই করা ২কপি) আগামী ২৪ জুন, ২০২১ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় সিজিএ কার্যালয়ের বাজেট ও ব্যয় ব্যবস্থাপনা শাখায় আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

একই ভাবে ২৫ জুন, ২০২১ খ্রিঃ তারিখে ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস এর কার্যালয়সমূহকে আওতাধীন ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয় ও উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়সমূহের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২১-২২) স্বাক্ষরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সংক্রান্ত ছক ও নীতিমালা মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েব সাইটে (www.cabinet.gov.bd) আপলোড করা আছে।

সংযুক্তিঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২২।

(মোঃ আব্দুর রাজজাক)

উপ-হিসাব মহানিয়ন্ত্রক (বাজেট ও ব্যয় ব্যবস্থাপনা)

ফোনঃ ০২২২২২২৬০০৪।

নং ০৭.০৩.০০০০.০০৪.৩৩.৪২৬.২১ -৭৮২

তারিখ: ২০/০৬/২০২১ খ্রিঃ।

সদয় অবগতির জন্য অনুলিপি দেয়া হলোঃ

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, বাজেট ও পরিকল্পনা অধিশাখা-১।

২। অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন/হিসাব ও পদ্ধতি)।

৩। উপ হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন ১ ও ২/হিসাব ১ ও ২/আইসিইউ/দক্ষতা ও শৃংখলা/পদ্ধতি/অডিট ও নিরাপত্তা/বাজেট ও ব্যয় ব্যবস্থাপনা)।

৪। অফিস কপি।

(মোঃ আব্দুর রাজজাক)

উপ-হিসাব মহানিয়ন্ত্রক (বাজেট ও ব্যয় ব্যবস্থাপনা)

ফোনঃ ০২২২২২২৬০০৪।